১৬. বিবাহ করা (নফসের চাহিদা পূরণ ও সৃষ্টির নিয়ম রক্ষার জন্য)
১৭. পরিবার বর্গের হক আদায় করা
১৮. পিতামাতার খেদমত করা ও তাদেরকে কষ্ট না দেওয়া
১৯. ছেলেমেয়ে লালন পালন করা
২০. আত্মীয় স্বজনদের হক আদায় করা
২১. ন্যায় বিচার করা (নিজের বিরুদ্ধে গেলেও)
২২. জামায়াতবদ্ধ জীবন যাপন করা
২৩. আমীরের আনুগত্য (পছন্দ অপছন্দ উভয় অবস্থায়ই) করা
২৪. ঝগড়া-বিবাদ মিটিয়ে ফেলা
২৫. ভাল কাজে সাহায্য করা ও গুনাহর কাজে সাহায্য না করা
২৬. আমর বিল মারূফ নাহি আনিল মুনকার-ন্যায়ের আদেশ অন্যায়ের প্রতিরোধ গড়ে তোলা
২৭. হদ কায়েম ও জারী করা (ইসলামী রাষ্ট্র গঠন করার মাধ্যমে)
২৮. দ্বীন কায়েমের জন্য জেহাদ করা
২৯. ইসলামী রাষ্ট্রে সীমান্ত রক্ষায় পাহারা দেয়া
৩০. আমানত অবিকলভাবে পৌঁছে দেয়া
৩১. অভাবগ্রস্তকে ধার দেয়া (প্রয়োজনে কর্জ মাফ দেয়া)
৩২. পাড়া প্রতিবেশীর হক আদায় করা
৩৩. মানুষের সঙ্গে সদ্ব্যবহার করা ও জমিনের উপরে নম্রভাবে চলা
৩৪. আল্লাহর পথে মাল খরচ সহ অর্থের সদব্যবহার করা (অপচয় থেকে বেঁচে থাকা ও কৃপণতা না করা)
৩৫. গর্বের সাথে জমিনে চলাফেরা না করা
৩৬. কারো ক্ষতি না করা
৩৭. নাচ-গান, রং তামাশা কৌতুক থেকে দূরে থাকা
৩৮. রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস (ঢিলা, ইট, কাঁটা) সরিয়ে দেয়া।

www.nagorikpathagar.org

৩. স্ত্রী সমাজ বাম পাজরের বাঁকা হাড়ের তৈরী বিধায় সেই অবস্থায় ফায়দা নিতে হবে। সম্পূর্ণ সোজা করতে গেলে ভেঙ্গে যাবে। *(বুখারী, মুসলিম)*

৪. পূর্ণ ঈমানদার তার স্ত্রীকে ভালবাসে ও তার প্রতি সদয়। *(তিরমিযী)*

৫. স্বামীর উচিৎ তার স্ত্রীর ভাল গুণগুলো দেখা এবং খারাপ গুণগুলো এড়িয়ে যাওয়া। কেননা তার একটি গুণ খারাপ হলেও অন্যটি ভাল। *(মুসলিম)*

৬. সামর্থবান স্বামী তার স্ত্রী ও সন্তানদের ভরণপোষণে কৃপণতা করলে স্বামীর সম্পদ হতে অগোচরে স্ত্রী প্রয়োজন মত খরচ করতে পারবে। *(বুখারী মুসলিম)*

৭. স্বামী ফরজ মনে করে স্ত্রী-সন্তানদের জন্য খরচ করলে তাতে বেশী নেকী। *(তাবরানী)*

৮. স্ত্রী-সন্তানদের জন্য খরচের নেকী কিয়ামতের দিনে প্রথমে পাল্লায় উঠবে। স্ত্রীকে পানি পান করিয়ে থাকলে তারও নেকী সে পাবে। *(তাবরানী)*

৯. যে স্ত্রী স্বামীর কাছে প্রয়োজনের অধিক চায় না বরং অল্প খরচেই সন্তুষ্ট থাকে সেই উত্তম। *(ইবনে মাজা)*

১০. আল্লাহর এবাদত (হুকুম পালন) করার ব্যাপারে স্বামী-স্ত্রী পরস্পরকে সাহায্য করবে। *(নাসাঈ)*

১১. স্ত্রীর সন্তুষ্টির জন্য স্বামী যেন কোন হালাল বস্তুকে হারাম না করে। *(সূরা তাহরীম)*

১২. চুক্তির মধ্যে সেই চুক্তি পূরণ করা বেশি জরুরী যার মাধ্যমে তোমরা স্ত্রীর আবরুর মালিক হও। *(বুখারী, মুসলিম)*

## আত্মীয়দের প্রতি

১. আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে যাবে না।

لَا يَدْخُلُ الْجَنَّةَ قَاطِعُ رَحِمٍ -

www.nagorikpathagar.org

২. আত্মীয় যদি অসহায় ও গরীব হয় আর তাদেরকে বাদ দিয়ে অন্যদের দান খয়রাত করা হয় তবে তা কবুল হবে না এবং আল্লাহ তার দিকে তাকিয়েও দেখবেন না। আত্মীয়দের দিয়ে দান খয়রাত শুরু করা উচিৎ।

৩. সালাম দিয়ে হলেও আত্মীয়তা রক্ষা কর- *তাবরানী*

صِلُوْا اَرْحَامَكُمْ وَلَوْ بِالسَّلَامِ -

## লোক দেখানো কাজে

১. তোমরা ছোট শিরক থেকে বেঁচে থাকবে। আর ছোট শিরক হচ্ছে রিয়া (লোক দেখানো কাজ)।

২. লোক দেখানো আমলগুলোকে আল্লাহ তায়ালা বিক্ষিপ্ত ধূলিকণায় পরিণত করবেন (হাবাআম মানছুরা)। *(কুরআন ২৫-২৩)*

৩. রিয়াকারীকে কিয়ামতে চারটি নামে জনগণের সামনে ডাকা হবে-
১. রিয়াকার ২. বিশ্বাসঘাতক ৩. অপরাধী ৪. ক্ষতিগ্রস্ত।

## খাওয়ার সময়ে

হালাল জিনিস পেটে যাচ্ছে কিনা তা পাহারা দিতে হবে। কোন অবস্থায়ই হারাম জিনিস খাবে না। হারাম খাদ্যে বর্ধিত রক্ত মাংসটুকু জাহান্নামের উপযোগী।

খাবার খেয়ে যে রক্ত ও শক্তি হবে তা দিয়ে আল্লাহর এবাদতের (আইন মেনে চলার) নিয়াত করতে হবে। নিম্নের বিষয়গুলো মনে রাখতে হবে ঃ-

১. খাবার পূর্বে ও পরে হাত ধুয়ে ও কুলি করে নিতে হবে।

২. ডান হাত দিয়ে খেতে হবে।

৩. এক সাথে খেতে বসলে কাছের খাবার টেনে খেতে হবে। ভিন্ন আইটেম থাকলে দূর থেকে টেনে নেয়া যাবে।

৪. খাওয়ার পূর্বে অপরকে অগ্রাধিকার দিতে হবে- সংখ্যায় বেশী লোক থাকলে অপরকে অগ্রাধিকার দিয়ে আগে খাওয়ানোর ব্যবস্থা করতে হবে।

www.nagorikpathagar.org

জ্ঞানকে বাস্তবায়িত করার চেষ্টা চালাতে হবে। লিখাপড়ার জন্য খেয়াল রাখতে হবে ঃ

১. অর্থসহ কুরআন পড়াকে লেখাপড়ার এক নম্বর বিষয় বানাতে হবে। অর্থসহ হাদীস পড়াকে তার সাথে যুক্ত করতে হবে। কুরআন হাদীস পড়া কোন দিনও যাতে বাদ না যায়।

২. ছাত্রদের পাঠ্যপুস্তকের জন্য ২৪ ঘণ্টার মধ্যে কমপক্ষে পাঁচ ঘণ্টা নির্ধারণ করতে হবে।

৩. জ্ঞান অর্জনের ক্ষেত্রে লিখার গুরুত্ব ও প্রভাব বেশী বলেই প্রথমে লিখা পরে পড়ার কথা উচ্চারণ করা হয়। বেশী লিখার অভ্যাসই ভাল ছাত্রের পরিচয়।

৪. ছাত্রদের প্রথম শ্রেণী (ফার্স্ট ডিভিশন) পাবার টার্গেট নিয়ে লেখাপড়া করা উচিত। এজন্য দৈনিক গড়ে ৭/৮ ঘণ্টা পরিশ্রম প্রয়োজন।

## অফিস বা কর্মক্ষেত্রে

নিজ হাতে কামাইকে উত্তম রিজিক বলা হয়েছে। যাদের যেখানে কর্মক্ষেত্র সেখানে তাদেরকে ইসলামী আচরণ মেনে চলতে হবে ঃ

১. প্রবেশের সময় 'আস্সালামু আলাইকুম' বলে প্রবেশ করা।

২. অধীনস্থ লোকজনের সাথে 'সালাম' সহ্ তাদের খোঁজ খবর নেয়া।

৩. শরয়ী ওজর বা গুরুতর কোন সমস্যা থাকলে তা বিবেচনা করে প্রথমেই সমাধা করা।

৪. সম্ভব হলে দিনের শুরুতে ও শেষে পরামর্শ নেয়া বা দেয়া।

৫. কারো সাথে কোন সমস্যা হলে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে সমাধান করে নেয়া।

৬. অফিস বা কর্মক্ষেত্রে যথাসময়ে হাজিরা দেয়া ও অফিসের নিয়মনীতি মেনে চলা।

৭. অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করা।

www.nagorikpathagar.org

আমাদের শেষ করনা এবং তোমার আজাব দিয়ে আমাদের ধ্বংস করো না- তার আগে আমাদেরকে মাফ করে দিও)।

২. ঝড় শুরু হয়ে গেলে জোরে আজান দিতে থাকবে।

৩. বেশী বেশী এস্তেগফার করতে হবে।

## সন্তান ভূমিষ্ঠের পরে

আল্লাহ তায়ালা সূরা ফুরকানের ৭৪ নং আয়াতে দোয়া করা শিখিয়েছেন-

وَالَّذِيْنَ يَقُـوْلُوْنَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا
قُرَّةَ اَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا۔ (الفرقان : ٧٤)

'রব্বানা হাবলানা মিন আযওয়াজেনা অযুররিয়াতেনা কুররাতা আইউনিও অজআলনা লিল মুত্তাকিনা ইমামা।"- হে আমাদের রব আমাদের স্ত্রী ও সন্তানদিগকে আমাদের চোখের শীতলতার উৎস বানাও এবং আমাদেরকে মুত্তাকিদের জন্য আদর্শ অগ্রগামী বানাও। এখানে ইঙ্গিত করা হয়েছে যে, আল্লাহর প্রিয় বান্দাগণ শুধু নিজেদের সংশোধন ও সৎকর্ম নিয়েই ব্যস্ত থাকে না বরং তাদের সন্তান-সন্ততি ও স্ত্রীদের সংশোধন ও চরিত্র উন্নয়নের চেষ্টা করে। এমনকি মুত্তাকীদের আদর্শ ও অনুকরণীয় হবার মানে উত্তীর্ণ করার জন্য চেষ্টা করে ও দোয়া করে। এ জন্য করণীয় ঃ

১. সন্তান ভূমিষ্ঠ হলে তার ডান কানে আজান ও বাম কানে ইকামত দিবে- যাতে পৃথিবীতে এসেই আল্লাহর সার্বভৌমত্ব ঘোষণা শুনতে পায় এবং এ কাজের জন্যই তার আগমন।

২. ছোট বাচ্চাদের মুখে চুম্বন দেয়ায় আল্লাহ্ পাকের অনুগ্রহ বর্ষিত হয়। *(বুখারী ও মুসলিম)*

৩. সপ্তম দিনে সন্তানের নাম আব্দুল্লাহ, আবদুর রহমান অথবা নবীদের নামে নাম অথবা ভাল অর্থবোধক নাম রেখে আকিকা দিতে হবে।

৪. সন্তানের জন্য পিতার সবচেয়ে বড় অবদান হচ্ছে তাকে জ্ঞান ও সচ্চরিত্র শিক্ষা দেয়া। *(মুসলিম)*

www.nagorikpathagar.org

আল্লাহর নিদর্শন দেখার জন্য ও দ্বীনের দাওয়াত সম্প্রসারণের জন্য সফর করা জরুরী। এ ব্যাপারে খেয়াল রাখতে হবে ঃ

১. রাসূলুল্লাহ (সঃ) বৃহস্পতিবার সফরে বের হওয়া পছন্দ করতেন। বৃহস্পতিবার দিন ছাড়া তিনি খুব কমই সফরে বের হতেন। *(বুখারী, মুসলিম)*

২. দিনের প্রথমভাগেই সফরে রওয়ানা হতেন। *(আবু দাউদ, তিরমিযী)*

৩. তিনজন সফরে থাকলে একজনকে আমীর বানাতে হবে। *(আবু দাউদ)*

৪. সফররত অবস্থায় সাথীকে সাহায্য করতে হবে। বাজে চিন্তার পরিবর্তে মুখস্থ সূরা বা অংশ বলতে থাকবে।

৫. সফরে ফরজ নামায কম (কসর) করা হয়েছে।

৬. প্রয়োজন শেষ হওয়া মাত্র সফর থেকে ঘরে ফিরে আসবে। *(বুখারী)*

৭. সফর থেকে ফিরে এসে দু'রাকাত নফল নামাজ (মসজিদে) পড়বে।

৮. মুহাররামকে (যার সাথে বিবাহ হারাম) সাথে না নিয়ে মহিলাদের সফর করা বৈধ নয়।

৯. সফরে উঁচু জায়গায় উঠার সময় আল্লাহু আকবার এবং নামার সময় 'সুবহানাল্লাহু' বলতে হবে।

১০. সফর শেষে সকালে অথবা সন্ধ্যায় বাড়ীতে বাড়ীর সদর দরজা দিয়ে প্রবেশ করতে হবে।

১১. একা একা সফর না করাই ভাল।

## কাজের ছেলে মেয়েদের প্রতি

আবু যার গিফারী (রাঃ) এর পোশাক ও তার গোলামের পোশাক হুবহু তার মত ছিল। *(বুখারী, মুসলিম)*

১. খাদেম যার জন্য খাবার আনে, সে যেন তার খাদেমকে এক লুকমা বা দু'লুকমা খাইয়ে দেয়। কারণ সেই তার জন্য কষ্ট করে এনেছে। *(বুখারী)*

২. তাদের খাবার ও পোশাক নিজের ও নিজের ছেলেমেয়েদের খাবার ও পোশাক একই মানের হতে হবে।

www.nagorikpathagar.org

আবার রাসূলুল্লাহ (সঃ) বলেছেন–

مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ مَاتَ عَلَى شُعْبَةٍ مِنْ نُفَاقٍ - (مسلم)

যে মরল অথচ জিহাদ করল না, অথবা জিহাদ করার চিন্তাও তার মনের মধ্যে জাগল না সে মুনাফেকীর উপর মৃত্যু বরণ করল। *(মুসলিম)*

নিচের কথাগুলো স্মরণে রাখতে হবে–

১. যে কোন একটি ইসলামী দলের সাথে থেকে জিহাদের দায়িত্ব পালন করতে হবে।

২. আমার দলই একমাত্র ইসলামী দল অন্য কোন দল ইসলামী দল নয়- এমন দোকানদারী মনোভাব রাখা ঠিক হবে না।

৩. মত পার্থক্য থাকা সত্ত্বেও এক থাকা- এভাবে যে, কেউ কোন ইসলামী দলের বিরুদ্ধে বলবে না।

৪. যতটুকু বিষয়ে এক হওয়া যায় তার ভিত্তিতেই ঐক্য গড়ে তোলা।

৫. ঘন ঘন দেখা সাক্ষাৎ তোহফা আদান প্রদান ও আলাপ আলোচনার মাধ্যমে দূরত্ব কমিয়ে আনা ও কমপক্ষে যুগপৎ আন্দোলন চালিয়ে যাওয়া।

## বাড়ীর কাজে

১. স্ত্রীকে বাড়ির কাজে ও রান্নার কাজে সহযোগিতা করতে হবে।

২. ঘরবাড়ি ঝাড়ু দিয়ে পরিষ্কার করা। জুতা সেন্ডেল পরিষ্কার করা, গাভীর দুধ দোহন করা, কাপড় কাচা কাজগুলো নিজ হাতে করার চেষ্টা করতে হবে।

৩. শিশু সন্তানকে আদর করে চুমু দিলে আল্লাহর রহমত বর্ষিত হয়। *(বুখারী)*

৪. বাড়ীর সদস্যগণকে একে অপরকে সালাম দেয়ার পদ্ধতি প্রশিক্ষণের মাধ্যমে চালু করতে হবে।

www.nagorikpathagar.org

৯. রাসূল (সঃ) অপেক্ষা অধিক দানশীল, অধিক সাহসী, বীর ও অধিক ধৈর্যশীল কেউ ছিল না।

১০. তিনি কখনও কোন বস্তু সঞ্চয় করে রাখা পছন্দ করতেন না। তাৎক্ষণিক সাহাবাদের মধ্যে বণ্টন করে দিতেন।

১১. তার কাছে কোন কিছু চাওয়া হলে তিনি তা প্রদান করতেন। কাউকে বিমুখ করে ফিরাতেন না।

১২. খন্দক যুদ্ধে তিনি নিজে মাটি বহন করেছেন। ধুলায় তার বুকের পশমগুলো ঢেকে পড়েছিলো।

১৩. তিনি রুগীদের সেবা করতেন, জানাযার সংগে হেঁটে যেতেন, শ্রমিকদের দাওয়াত কবুল করতেন, জুতা সেলাই করতেন, দুধ দোহন করতেন, তালি লাগাতেন এবং বাড়ীর অন্যান্য কাজে সাহায্য করতেন।

১৪. তিনি সবার আগে সালাম দিতেন, দ্রুত পথ চলা অবস্থায়ও বাচ্চাদের সালাম দিতেন।

১৫. যখন কোন কঠিন সংকটে পড়তেন, তখন তিনি বার বার তার দাঁড়ি মুবারকে হাত বুলাতেন।

১৬. পর পর তিন দিন কোন পরিচিত মুসলিম ভায়ের সাক্ষাত না পেলে তার ব্যাপারে তিনি জিজ্ঞাসাবাদ করতেন।

১৭. এক বেদুইন তাঁর কাছে কিছু চাওয়ার সময় চাদর ধরে এত জোরে টান দিলো যে চাদরটি ছিঁড়ে গিয়ে এক পাশে ঝুলতে লাগল। এ আচরণ সত্ত্বেও কিছু না বলে তাকে কিছু দান করতে নির্দেশ দেন।

১৮. তিনি কখনো হা হা করে হাসতেন না। হাসলে মুচকি হাসি হাসতেন।

১৯. তিনি অধিকাংশ সময় চুপ থাকতেন এবং হাঁটার সময় পা তুলে দ্রুত গতিতে হাঁটতেন।

২০. তিনি কারো বাড়ীর দরজার ঠিক সামনে দাঁড়াতেন না, এক পার্শ্বে দাঁড়াতেন। আর অনুমতি ছাড়া গৃহে প্রবেশ করতেন না।

২১. কোন মজলিশ বা বৈঠক শেষে এ দোয়া পড়তেন-

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ ـ

www.nagorikpathagar.org

